

নতুন খবর ডেইলি

আমাদেরশোময়

জেএসসি-জেডিসি পরীক্ষায় ১ দিনে সর্বোচ্চ বহিষ্কার ১২০

প্রকাশ | ০৯ নভেম্বর ২০১৮, ১৯:৫৫



নিজস্ব প্রতিবেদক



পুরোনো ছবি

জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষায় আজ শুক্রবার ইংরেজি বিষয়ে সারা দেশে ১২০ জন শিক্ষার্থী বহিষ্কার হয়েছে। আন্তঃশিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কক্ষের প্রতিবেদনে এমন তথ্য পাওয়া গেছে।

জানা গেছে, আজ নয়টি শিক্ষা বোর্ডে পরীক্ষায় অংশ নেয় ২৪ লাখ ৮০ হাজার ২০২ জন শিক্ষার্থী। অনুপস্থিত ছিল ৭২ হাজার ১৩২ জন। বহিষ্কার হয়েছে ১২০ জন শিক্ষার্থী। এর মধ্যে মাদরাসা বোর্ডে ৫৪ জন, ঢাকা বোর্ডে ২৮ জন, কুমিল্লা বোর্ডে ১৫ জন, বরিশাল বোর্ডে ১৩ জন, দিনাজপুর বোর্ডে চার জন, রাজশাহী বোর্ডে তিন জন, চট্টগ্রাম বোর্ডে দুই জন এবং যশোর বোর্ডে এক জন।

গত ১ নভেম্বর শুক্র দিন জেএসসি ও জেডিসি পরীক্ষায় ৩৪ জন শিক্ষার্থী বহিষ্কার হয়। এরপর ৩ নভেম্বর ২৪ জন, ৫ নভেম্বর ৪১ জন এবং ৮ নভেম্বর অনুষ্ঠিত পরীক্ষায় ৭৭ জন শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

পরিসংখ্যান অনুযায়ী, এবছর জেএসসি ও জেডিসি পরীক্ষায় আজ সর্বোচ্চ সংখ্যক শিক্ষার্থী বহিষ্কার হয়েছে। আগামী ১৫ নভেম্বর এই পরীক্ষা শেষ হবে।

গত ৪ নভেম্বর অনুষ্ঠিতব্য জেএসসি এবং জেডিসির নিয়মিত এবং অনিয়মিত শিক্ষার্থীদের ইংরেজি প্রথমপত্র পরীক্ষা অনিবার্য কারণে স্থগিত করা হলে তা আজ অনুষ্ঠিত হয়।